রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১১, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

স্বস-বিএসএফআইসি শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ৭ ডিসেম্বর ২০০৬/২৩ অগ্রহায়ণ ১৪১৩

**এস, আর, ও নং ৩১৩-আইন/২০০৬।**—পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠান শ্রমিক (চাকুরীর শর্তাবলী) আইন,২০০৬ (২০০৬ সনের ২৮ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে এবং জাতীয় মজুরী ও উৎপাদনশীলতা কমিশন ২০০৫ রোয়েদাদ বাস্তবায়নার্থে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের কর্তৃক জারীকৃত সরকারী আদেশ নং শ্রকম/শা-৬/ম.ক.বাস্তবায়ন-১/২০০৫/৭১, তারিখ ০৫-০৪-১৪১৩ বাং/২০-০৭-২০০৬ খ্রিঃ অনুসারে সরকার শিল্প মন্ত্রণালয়ের ১২ই এপ্রিল, ২০০১/২৯ শে চৈত্র, ১৪০৭ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৯২-আইন/২০০১ বাতিলক্রমে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন পণ্য উৎপাদনশীল রাষ্ট্রীয় শিল্প প্রতিষ্ঠানসমূহে (বাংলাদেশ রসায়ন শিল্প সংস্থা, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল সংস্থা এবং বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প সংস্থা) নিযুক্ত শ্রমিকদের মজুরী, চিকিৎসা ভাতা, বাড়ী ভাড়া ভাতা, ছুটি, গ্রাচ্যুইটি এবং নাইট শিফট ভাতা নিম্ন তফসিলে বর্ণিত হারে নির্ধারণ করিল, যথা ঃ—

তফসিল

১। পুরাতন ও নূতন মজুরী স্কেল এবং প্রান্তিক সুবিধাদি নিম্নে দেওয়া হইল ঃ

(ক) মজুরী স্কেল ঃ

| গ্রেড | পুরাতন স্কেল (০১-০৭-১৯৯৭ হইতে কার্যকর) | নূতন স্কেল (০১-০১-২০০৫ হইতে কার্যকর) |
|---|---|---|
| ১ | টাঃ ১৫৫০-৪০-২২৭০ | টাঃ ২৪৫০-৮০-৩৮৯০ |
| ২ | টাঃ ১৬০০-৪৫-২৪১০ | টাঃ ২৫০০-৯০-৪১২০ |



মূল্য ঃ টাকা ৪.০০

| গ্রেড | পুরাতন স্কেল (০১-০৭-১৯৯৭ হইতে কার্যকর) | নূতন স্কেল (০১-০১-২০০৫ হইতে কার্যকর) |
|---|---|---|
| ৩ | টাঃ ১৬৫০-৫০-২৫৫০ | টাঃ ২৫৫০-১০০-৪৩৫০ |
| ৪ | টাঃ ১৭০০-৫৫-২৬৯০ | টাঃ ২৬০০-১১০-৪৫৮০ |
| ৫ | টাঃ ১৭৫০-৬০-২৮৩০ | টাঃ ২৬৫০-১২০-৪৮১০ |
| ৬ | টাঃ ১৮০০-৬৫-২৯৭০ | টাঃ ২৭০০-১৩০-৫০৪০ |
| ৭ | টাঃ ১৮৫০-৭০-৩১১০ | টাঃ ২৭৫০-১৪০-৫২৭০ |
| ৮ | টাঃ ১৯০০-৭৫-৩২৫০ | টাঃ ২৮০০-১৫০-৫৫০০ |
| ৯ | টাঃ ১৯৫০-৮০-৩৩৯০ | টাঃ ২৮৫০-১৬০-৫৭৩০ |
| ১০ | টাঃ ২০০০-৮৫-৩৫৩০ | টাঃ ২৯০০-১৭০-৫৯৬০ |
| ১১ | টাঃ ২০৫০-৯০-৩৬৭০ | টাঃ ২৯৫০-১৮০-৬১৯০ |
| ১২ | টাঃ ২১০০-৯৫-৩৮১০ | টাঃ ৩০০০-১৯০-৬৪২০ |
| ১৩ | টাঃ ২১৫০-১০০-৩৯৫০ | টাঃ ৩০৫০-২০০-৬৬৫০ |
| ১৪ | টাঃ ২২০০-১০৫-৪০৯০ | টাঃ ৩১০০-২১০-৬৮৮০ |
| ১৫ | টাঃ ২২৫০-১১০-৪২৩০ | টাঃ ৩১৫০-২২০-৭১১০ |
| ১৬ | টাঃ ২৩০০-১১৫-৪৩৭০ | টাঃ ৩২০০-২৩০-৭৩৪০ |

(খ) প্রান্তিক সুবিধাদি ঃ

(১) বাড়িভাড়া ভাতা ঃ পূর্বের ন্যায় এলাকা নির্বিশেষে মাসিক মূল মজুরীর ৪৫% বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইবে। তবে প্রতিষ্ঠান/সরকার কর্তৃক পরিবারের জন্য আবাসনের সংস্থান করা হইলে বাড়িভাড়া ভাতা প্রাপ্য হইবে না।

(২) চিকিৎসা ভাতা ঃ মাসিক ৫০০ টাকা।

(৩) যাতায়াত ভাতা ঃ যানবাহন প্রদান না করা হইলে মাসিক ১০০ টাকা। তবে যানবাহন ব্যবহার করিলে মজুরী হইতে মাসিক ২০ টাকা কর্তন করা হইবে। কারখানা এলাকায় (premises) বসবাসরত শ্রমিক কোন যাতায়াত ভাতা পাইবেন না।

(৪) ধোলাই ভাতা ঃ কারখানা কর্তৃক সরবরাহকৃত প্রতি সেট পোশাকের জন্য প্রতি মাসে ২৫ টাকা হারে পাইবে। ব্যক্তিগত পোশাকের জন্য ভাতা পাইবে না।

(৫) উৎসব ভাতা/বোনাস ঃ প্রচলন অনুযায়ী মাসিক মূল মজুরীর সমপরিমাণ বৎসরে দু'টি উৎসব বোনাস পাইবে।

(৬) ছুটি নগদায়ন ঃ অর্জিত ছুটির ৫০% নগদায়ন করা যাইবে।

(৭) কনট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড ঃ মূল মজুরীর ১০% হারে কেবলমাত্র সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান কন্ট্রিবিউট করিবে।

(৮) টিফিন ভাতা ঃ মাসিক ৫০ টাকা।

(৯) গ্রাচুইটি ঃ পূর্ব প্রচলিত হারে প্রদেয় হইবে।

(১০) হিল এলাউন্স ঃ পার্বত্য জেলায় কর্মরত শ্রমিকের মূল মজুরীর ৩০% হারে মাসিক সর্বোচ্চ ১৫০০ টাকা প্রদেয় হইবে।

(১১) রোটেটিং শিফট ডিউটি এলাউন্স ঃ মূল মজুরীর ১০% হারে মাসিক সর্বোচ্চ ১০০ টাকা প্রদেয় হইবে।

(১২) রিটায়ারমেন্ট বেনিফিট ঃ প্রচলন অনুযায়ী কেবল গ্রাচ্যুইটি সুবিধা পাইবে।

(১৩) অন্যান্য সুযোগ সুবিধা ঃ উপরোক্ত প্রান্তিক সুবিধা ব্যতিত অন্যান্য যে সকল প্রান্তিক সুবিধা ২০০০ সালের মজুরী কাঠামোতে (জাতীয় মজুরী ও উৎপাদনশীলতা কমিশন-১৯৯৮ এর সুপারিশের ভিত্তিতে প্রবর্তিত) প্রবর্তন করা হইয়াছিল তাহা পূর্বের নিয়মে ও হারে বহাল থাকিবে।

(গ) বাস্তবায়ন পদ্ধতি ঃ

মূল মজুরী স্কেল ঃ বাড়িভাড়া ভাতা, চিকিৎসা ভাতা ও যাতায়াত ভাতা এবং অন্যান্য প্রান্তিক সুবিধাদি নিম্নোক্তভাবে বাস্তবায়ন করা হইবে ঃ

(১) মূল মজুরী ঃ ০১-০১-২০০৫ হইতে কার্যকর হইবে।

(২) বাড়িভাড়া ভাতা, চিকিৎসা ভাতা ও যাতায়াত ভাতা ঃ বর্ণিত ভাতাদির নূতন হার ০১-০৭-২০০৬ হইতে কার্যকর হইবে। ০১-০১-২০০৫ হইতে ৩০-০৬-২০০৬ পর্যন্ত ৩১-১২-২০০৪ তারিখে আহরিত অংকে প্রদেয় হইবে।

(৩) অন্যান্য প্রান্তিক সুবিধাদি ঃ ০১-০৭-২০০৬ হইতে কার্যকর হইবে।

(ঘ) মজুরী নির্ধারণ পদ্ধতি ঃ

মজুরী স্কেল নিম্নরূপে নির্ধারণ করা হইবে ঃ

(১) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখ ৩ (তিন) বৎসরের কম মেয়াদকাল চাকুরীর জন্য ১ (এক) টি ইনক্রিমেন্ট;

(২) ৩১ ডিসেম্বর, ২০০৪ তারিখে উক্তরূপ চাকুরীর প্রতি ৩(তিন) বৎসরের জন্য একটি ইনক্রিমেন্ট এবং ৩ (তিন) বৎসরের অধিক চাকুরীকালের যে কোন অংশ অথবা পরবর্তী ৩ (তিন) বৎসরের চাকুরীকালের যে কোন গুণিতকের জন্য ১ (এক) টি বেতন বৃদ্ধি; তবে শর্ত থাকে যে, যে সকল শ্রমিক উচ্চতর ধাপের সুবিধা গ্রহণ করেন নাই তাহাদের ক্ষেত্রে ৮ (আট) বৎসরের উর্দ্ধে চাকুরীকালের জন্য ৩ (তিন) টি ইনক্রিমেন্টের অধিক হইবে না;

(৩) যদি কোন শ্রমিকের বর্তমান মজুরী, বিবেচ্য মজুরী স্কেলের সর্বনিম্ন ধাপের কম হয় তাহা হইলে উক্ত মজুরী স্কেলের সর্বনিম্ন ধাপে তাহার বেতন নির্ধারিত হইবে;

(৪) যদি কোন শ্রমিকের বর্তমান মজুরী, বিবেচ্য মজুরী স্কেলের সর্বনিম্ন ধাপের উচ্চতর হয় এবং উক্ত মজুরী স্কেলের কোন ধাপের সমান হয়, তাহা হইলে বিবেচ্য মজুরী স্কেলের ঐ ধাপেই তাহার মজুরী নির্ধারিত হইবে;

(৫) যদি কোন শ্রমিকের বর্তমান মজুরী স্কেল তাহার বর্তমান মজুরীর সমান কোন ধাপ না থাকে তাহা হইলে ঐ মজুরী স্কেলের পরবর্তী উচ্চতর ধাপে তাহার মজুরী নির্ধারিত হইবে।

২। বকেয়া বেতন পরিশোধের বিষয়ে স্ব স্ব সংস্থা/প্রতিষ্ঠান তাহাদের আর্থিক অবস্থা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মহবুব উর রহমান**
যুগ্ম-সচিব (স্বস)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।